সংবাদ

তারিখ ... 19 JAN 2009 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ......

# জা'নগরে ছাত্রলীগের কার্যক্রম স্থগিত : জগন্নাথে সতর্ক বার্তা

সংবাদ ডেস্ক

সর্ব মহলে তীব্র সমালোচনার মুখে লাগাম ছাড়া ছাত্রলীগের রাশ টেনে ধরার উদ্যোগ নিয়েছে আওয়ামী লীগ ও ছাত্রলীগ। জাহাঙ্গীরনগর ভার্সিটিতে ছাত্রলীগের কার্যক্রম এক মাসের জন্য স্থগিত করা হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পাঠানো হয়েছে সতর্ক বার্তা।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জানান, আধিপত্য বিস্তার ও হল দখলকে কেন্দ্র করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষের ঘটনায় ক্যাম্পাস অস্থিতিশীল হওয়ায় ছাত্রলীগ জাবি শাখার কার্যক্রম স্থগিত করেছে কেন্দ্রীয় কমিটি। বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য ছাত্রলীগ এ সিদ্ধান্ত নিয়েছে বলে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি সূত্রে জানা যায়। এদিকে এখনও পর্যন্ত ছাত্রলীগের স্থগিত : পৃষ্ঠা : ১১ ক : ১

## কেন্দ্রের বাইরে ছাত্রলীগ অছাত্রদের দখলে!

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের অধিকাংশ জেলায় ছাত্রলীগের নিয়ন্ত্রণ এখন ঠিকাদার, বিবাহিত ও অছাত্র নেতাদের হাতে। তবে কেন্দ্রীয় ছাত্রলীগ ছাত্রদের নিয়ন্ত্রণেই। দেশের ৬৪টি জেলা ও অনেক শিক্ষাপ্রতিষ্ঠানে ৫ থেকে ১৫ বছরমেয়াদি ছাত্রলীগের কমিটিই দায়িত্ব পালন করছে। কমিটির নেতাদের মধ্যে এখন অনেকেই আর ছাত্র নেই। ছাত্রলীগের গঠনতন্ত্রে অছাত্র, বিবাহিতদের ছাত্রলীগের কমিটিতে থাকার দখলে : পৃষ্ঠা : ১১ ক : ২

### দখলে : ছাত্রলীগ

(১ম পৃষ্ঠার পর)

বিধান নেই। দেশের অধিকাংশ এলাকায়ই এসব ঠিকাদার ও অছাত্র ছাত্রনেতারাই গত কয়েকদিনে তাদের আধিপত্য বিস্তারের জন্য নানা সহিংস ঘটনা ঘটিয়েছে বলে সাবেক ছাত্রলীগের একাধিক নেতা জানান। তারা জানান, অবিলম্বে এসব কমিটি ভেঙে দেয়া হচ্ছে। সম্মেলনের মাধ্যমে প্রকৃত ছাত্রদের নিয়ে নতুন কমিটি গঠন করা হবে।

ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসান রিপন গতকাল 'সংবাদ'কে বলেন, দেশের অধিকাংশ জেলা ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রলীগের কমিটির মেয়াদ শেষ হয়ে গেছে অনেক আগেই। অবিলম্বে এসব কমিটি ভেঙে দেয়া হবে এবং সম্মেলনের মাধ্যমে নতুন কমিটি গঠন করা হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং স্বরাষ্ট্রমন্ত্রী এডভোকেট সাহারা খাতুনের দেয়া সংঘাত সংঘর্ষে লিপ্ত না হওয়ার কঠোর নির্দেশ মানছে না ছাত্রলীগের নেতাকর্মীরা। ঢাকা, চট্টগ্রাম, জাহাঙ্গীরনগর ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে সারাদেশেই বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে নিজেদের দখল কায়েম করতে গিয়ে একদিকে অন্য ছাত্র সংগঠনের নেতাকর্মীদের হামলা করছে, অন্যদিকে নিজেরাই একে অন্যের ওপর হামলা করে দখল-পাল্টা দখলের প্রতিযোগিতায় নেমেছে। এ প্রেক্ষাপটে নির্বাচনের পরপরই সারাদেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় বিশৃঙ্খল অবস্থা সৃষ্টি হচ্ছে।

আওয়ামী লীগের একাধিক নেতা ও সাবেক দু'জন ছাত্রলীগ নেতা গতকাল 'সংবাদ'কে বলেন, অবিলম্বে সারাদেশে ছাত্রলীগের সম্মেলন করে নতুন কমিটি গঠন করে ঠিকাদার ও অছাত্রদের হাত থেকে ছাত্রলীগকে মুক্ত করার উদ্যোগ নিচ্ছে আওয়ামী লীগ।

২০০৬ সালের ৪ ও ৫ এপ্রিল রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে দু'দিনব্যাপী সম্মেলনের মাধ্যমে ছাত্রলীগের বর্তমান কমিটি নির্বাচন করা হয়। ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাসান রিপন ও সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটনের নেতৃত্বে নতুন কমিটি গঠন করা হয়। ছাত্রলীগের প্রতি কমিটির মেয়াদকাল ২ বছর। এক্ষেত্রে বর্তমান কমিটির মেয়াদও শেষ হয়ে গেছে ২০০৮ সালের ৫ এপ্রিল। ছাত্রলীগ সভাপতি জানান, এ কমিটি গঠনের কয়েক মাস পর দেশে জরুরি অবস্থা জারি করা হয়। গত দু'বছরে সাংগঠনিক কার্যক্রম খুব বেশি চালাতে পারেনি বলে জানান।